দৈনিক বাংলা

তারিখ 02 NOV 1992
পৃষ্ঠা ১ কলাম ৬

# এমাজউদ্দীন ঢাকা ভার্সিটির ভারপ্রাপ্ত ভিসি

স্টাফ রিপোর্টার : প্রফেসর এমাজউদ্দীন আহমদ গতকাল (রোববার) অপরাহ্নে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর হিসাবে দায়িত্বভার গ্রহণ করেন। তিনি

(৭-এর পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## এমাজউদ্দীন

(প্রথম পৃষ্ঠার পর)

রাষ্ট্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ছিলেন। প্রফেসর মনিরুজ্জামান মিঞা সেনেগালে বাংলাদেশের রাষ্ট্রদূত নিযুক্ত হওয়ার প্রেক্ষিতে গতকাল সকালে ভাইস-চ্যান্সেলরের পদ থেকে পদত্যাগ করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ ১৯৭৩-এর ১১(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে চ্যান্সেলর প্রফেসর এমাজউদ্দীন আহমদকে সাময়িকভাবে বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত ভিসি নিয়োগ করেছেন। প্রফেসর মিঞার কাছ থেকে দায়িত্বভার গ্রহণকালে বিশ্ববিদ্যালয়ের প্রো ভাইস-চ্যান্সেলর, কোষাধ্যক্ষ, বিভিন্ন অনুষদের ডীন, শিক্ষক এবং কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

প্রফেসর এমাজউদ্দীন ইতিপূর্বে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি হিসাবে ১৯৮৬ সালের ১৩ ডিসেম্বর থেকে চার বছর দায়িত্ব পালন করেন। এছাড়া তিনি হলের প্রভোস্ট, প্রক্টর, সিনেট-সিন্ডিকেট এবং একাডেমিক পরিষদের সদস্য হিসাবে দায়িত্ব পালন করেন। অধ্যাপনা, গবেষণা ও প্রশাসনিক কাজে তাঁর দীর্ঘদিনের অভিজ্ঞতা রয়েছে।

### জীবনবৃত্তান্ত

এমাজউদ্দীন আহমদ ১৯৩২ সালের ১৫ ডিসেম্বর জন্মগ্রহণ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে রাষ্ট্রবিজ্ঞান এবং ইংরেজিতে এমএ পাস করেন। তিনি কানাডার কুইনস্ বিশ্ববিদ্যালয় থেকে রাষ্ট্রবিজ্ঞানে পিএইচডি ডিগ্রী লাভ করেন। তিনি রাষ্ট্রবিজ্ঞানের প্রভাষক হিসাবে বাগেরহাট পিসি কলেজে শিক্ষকতা শুরু করেন ১৯৫৭ সালে। নীলফামারী কলেজ, রংপুর কলেজ এবং চুয়াডাঙ্গা কলেজে অধ্যক্ষ হিসাবে দায়িত্ব-পালন করেন। এমাজউদ্দীন আহমদ ১৯৭০ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগে সিনিয়র লেকচারার হিসাবে যোগ দেন।

রাষ্ট্রবিজ্ঞানের বিভিন্ন ক্ষেত্রে তাঁর রচিত এবং সম্পাদিত গ্রন্থের সংখ্যা ২২। শিক্ষাক্ষেত্রে অবদানের জন্য তিনি ১৯৯২ সালের একুশে পদকে ভূষিত হন। প্রফেসর এমাজউদ্দীন চলতি বছরে গঠিত স্থানীয় সরকার কাঠামো পুনর্গঠন কমিটির সদস্য হন। তিনি বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা।